



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১১৩২৩৭১/নেত্রকোনা-৭৮/

১০২৬২/৫

তারিখঃ ০৬.০৭.২০১৯খ্রিঃ

বিষয়: অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত সুপারকে বাদ দিয়ে প্রতিষ্ঠানের স্বার্থে একজন যোগ্য সুপার নিয়োগদান প্রসঙ্গে।

- সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৩১৩২/৬; তারিখ: ৩০/১০/২০১৮।
২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৫.৭২৮৩.০০০.২৭.০০১.১৮-১২০; তারিখ: ১৩/০২/২০১৮।
৩। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৩২৪০/৫; তারিখ: ২৯/০৪/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলাধীন বাড়হা জসমতিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: হসাইন আহম্মদ এর বিরুদ্ধে ব্যাপক দুর্নীতি, অবৈধ অভিজ্ঞতার সনদপত্র, বেআইনিভাবে তাকে কমিটির সদস্যপদ থেকে বাদ, লাইব্রেরিয়ান নিয়োগে অনিয়মের বিষয়ে সূত্রোক্ত ০১(এক) নং স্মারকের মাধ্যমে গত ১৩/০২/২০১৮ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোনাকে অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ০২(দুই) নং স্মারকের মাধ্যমে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা জনাব হসাইন আহম্মদকে সুপার পদে নিয়োগ ক্রটিপূর্ণ হয়েছে মর্মে মতামত দেন। কারণ হিসেবে তিনি উল্লেখ করেন যে, দাখিল মাদ্রাসায় সুপার পদে নিয়োগের ক্ষেত্রে ১০ (দশ) বছর শিক্ষকতার অভিজ্ঞতা আবশ্যিক, কিন্তু উক্ত মাদ্রাসার সুপার হিসেবে নিয়োগপ্রাপ্ত জনাব মো: হসাইন আহম্মদ এর শিক্ষকতায় অভিজ্ঞতা মাত্র ০৫ (পাঁচ) বছর যা শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত বিধিবিধানের পরিপন্থী। পরবর্তীতে সূত্রোক্ত ০৩ নং স্মারকের মাধ্যমে সুপারকে কারণ দর্শানোর জন্য পত্র দেয়া হয়। সুপার কর্তৃক দাখিলকৃত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় সুপার কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় অবৈধভাবে নিয়োগকৃত সুপারের নিয়োগ বাতিল করে বিধি সম্মতভাবে একজন যোগ্য সুপার নিয়োগ প্রদানের জন্য চলমান কমিটির সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক

সভাপতি, বাড়হা জসমতিয়া দাখিল মাদ্রাসা
পো: দেওটুকোন, উপজেলা: পূর্বধলা, জেলা: নেত্রকোনা।

নং-বামাশিবো/প্রশাসন/233181132371/নেত্রকোনা-৭৮/

তারিখঃ .০৭.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোনা।
২. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পূর্বধলা, নেত্রকোনা।
৪. সুপার, বাড়হা জসমতিয়া দাখিল মাদ্রাসা,
পো: দেওটুকোন, উপজেলা: পূর্বধলা, জেলা: নেত্রকোনা।
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪